পল্টন মোড়ে ব্যাটারিচালিত রিকশা শ্রমিকদের অবরোধ



ছবি: সংগৃহীত

ব্যাটারিচালিত রিকশা, ভ্যান ও ইজিবাইক চালিয়ে জীবিকা নির্বাহকারীদের স্বার্থ এবং তাঁদের বিনিয়োগ করা অর্থের নিরাপত্তা নিশ্চিত করার দাবিতে রাজধানীর পুরাতন পল্টন মোড় অবরোধ করেছেন শ্রমিকেরা।

সোমবার (৯ নভেম্বর) বেলা ১১টার দিকে সড়কে অবস্থান নিয়ে সমাবেশ শুরু করেন তাঁরা। এতে ওই সড়কে যান চলাচল ব্যাহত হয়।

সমাবেশে শ্রমিকেরা ব্যাটারিচালিত রিকশা নীতিমালা-২০২৫ সংশোধন করে নতুন নীতিমালা তৈরির দাবি জানান। পাশাপাশি এসব যানবাহনের নিবন্ধন ও লাইসেন্স দেওয়া এবং চালকদের বয়স কমপক্ষে ১৮ বছর নির্ধারণের কথা বলেন তাঁরা।

বিআরটিএর মাধ্যমে বৈধ কাগজপত্র দেওয়ার পাশাপাশি নিবন্ধন ও নবায়ন ফি সর্বোচ্চ এক হাজার টাকা করার দাবি জানান শ্রমিকেরা। প্রকৃত চালক ও মালিকদের লাইসেন্স দেওয়ার প্রক্রিয়া সম্পন্ন করতে অন্তত দুই বছর সময় দেওয়ার প্রস্তাবও দেন তাঁরা।

শ্রমিকদের অভিযোগ, বিভিন্নভাবে তাঁদের হয়রানি, নির্যাতন ও চাঁদাবাজির শিকার হতে হয়। এসব বন্ধের পাশাপাশি অবৈধ সংযোগ বিচ্ছিন্নের অজুহাতে বাণিজ্যিক বিদ্যুতের মিটার বন্ধ না করা এবং আগে বিচ্ছিন্ন হওয়া সংযোগ পুনরায় চালুর দাবি জানান তাঁরা। নীতিমালা সংশোধন ও বাস্তবায়নের কমিটিতে শ্রমিক প্রতিনিধিদের রাখার কথাও বলেন।

সড়কে লেন ব্যবস্থা চালু, রিকশা, সিএনজি ও মোটরসাইকেলের জন্য আলাদা স্ট্যান্ড এবং চার্জ দেওয়ার কেন্দ্র নির্মাণও তাঁদের দাবির তালিকায় রয়েছে। ব্যাটারিচালিত যানবাহন নিয়ে করা রিট ও ফৌজদারি মামলা এবং শ্রমিক নেতাদের বিরুদ্ধে দায়ের করা হয়রানিমূলক মামলা প্রত্যাহারের দাবিও তোলেন তাঁরা।

সমাবেশে শ্রমিকদের জীবিকা রক্ষায় আইন প্রণয়ন, ব্যাটারিচালিত যানবাহনকে গণপরিবহন ও স্বল্প দূরত্বের বাহন হিসেবে স্বীকৃতি এবং চালকদের নতুন শর্তে ট্রেড লাইসেন্স দেওয়ার দাবি জানানো হয়।

এ ছাড়া সরকারি ব্যাংক থেকে বিনা জামানতে সর্বোচ্চ এক লাখ টাকা ঋণ, রেশন সুবিধা চালু এবং নিত্যপণ্য, বিদ্যুৎ, গ্যারেজ ভাড়া ও গাড়ির জমার খরচ কমানোর দাবি করেন শ্রমিকেরা।

তাঁদের শেষ দাবি, দেশের অর্থনৈতিক ও মানবিক বাস্তবতা বিবেচনায় ব্যাটারিচালিত যানবাহনে বিনিয়োগ করা অর্থের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে পর্যায়ক্রমে মানুষকে কায়িক শ্রমের কষ্টকর বোঝা থেকে মুক্ত করার উদ্যোগ নিতে হবে।